গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং-৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৬৪.২০১৪- ৬১৭

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪৩০
২৭ ফেব্রুয়ারি ২০২৪

# অফিস আদেশ

যেহেতু, জনাব আনোয়ারা হক, পিতা-আব্দুল হক, মাতা- জুলেখা হক, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- নতুন বাবু পাড়া (সিংঙ্গীপুকুর), ডাকঘর- সৈয়দপুর, থানা/উপজেলা- সৈয়দপুর, জেলা-নীলফামারী; বর্তমানে অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত) হিসেবে বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা (সংযুক্তঃ আঞ্চলিক পাসপোর্ট অফিস, দিনাজপুর) এ কর্মরত আছেন; গত ০৬/১০/২০২২ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন। অননুমোদিত অনুপস্থিতির জন্য ২০/১০/২০২২ খ্রিঃ তারিখে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি কোন জবাব প্রদান করেননি; এবং

০২। যেহেতু, তিনি ০৬/১০/২০২২ খ্রিঃ হতে ২৩/০২/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ধারাবাহিকভাবে ১৪১(একশত একচল্লিশ) দিন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন; এবং

০৩। যেহেতু, উল্লিখিত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে 'পলায়ন (Desertion)' এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর ০৫/২০২৩ রুজু করতঃ ১৫/০৩/২০২৩ খ্রিঃ তারিখে ৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৬৪.২০১৪.৩৩৯ নম্বর স্মারকের মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারীপূর্বক তার নিকট প্রেরণ করা হয়; এবং

০৪। যেহেতু, তিনি অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর জবাব দাখিল করেন এবং আত্মপক্ষ সমর্থনে ব্যক্তিগত শুনানি গ্রহণের ইচ্ছাপোষণ করেননি, বিধি মোতাবেক তার বিরুদ্ধে বর্ণিত বিভাগীয় মামলায় গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব মোক্তার হোসেন, উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৫। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) বিধিমতে 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

০৬। যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং প্রাপ্ত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আনীত 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগে একই বিধিমালার ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে কেন সরকারি 'চাকরি হতে বরখাস্ত' করা হবে না- সে মর্মে ১৪/১২/২০২৩ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৬৪.২০১৪.২৩২৬ নম্বর স্মারকমূলে উক্ত বিধিমালার ৭(৯) অনুসারে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং

০৭। যেহেতু, তিনি নির্ধারিত সময়ের মধ্যে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেননি এবং দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ ০৫/০২/২০২৪ খ্রিঃ তারিখের ৫৮.০১.০০০০.১০১.৩৬৪.২০১৪.১৮৫ নম্বর স্মারকমূলে তার স্থায়ী ঠিকানায় স্থানীয় আঞ্চলিক পাসপোর্ট অফিস, নীলফামারীর মাধ্যমে 'লটকাইয়া জারী' করা হলেও তিনি কোন জবাব দাখিল করেননি। প্রাপ্ত তদন্ত প্রতিবেদন, সংশ্লিষ্ট বিধি-বিধান ও সার্বিক বিষয় পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন (Desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

০৮। সেহেতু, জনাব আনোয়ারা খাতুন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (সাময়িক বরখাস্ত), বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, আগারগাঁও, ঢাকা (সংযুক্তঃ আঞ্চলিক পাসপোর্ট অফিস, দিনাজপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন (Desertion)' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' গুরুদণ্ড প্রদান করা হলো।

০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৭/২/২৪

**মেজর জেনারেল মোঃ নুরুল আনোয়ার**
বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি
মহাপরিচালক।

(চলমান পাতা/০২)

নং- ৫৮.০১.০০০০.১০১.৪৭.৩৬৪.২০১৪. ৬১৭

তারিখঃ ১৪ ফাল্গুন ১৪৩০
২৭ ফেব্রুয়ারি ২০২৪

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ**

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও পরিদর্শন)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, ডাটা সেন্টার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। পরিচালক/উপপরিচালক/সহকারী পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস/আঞ্চলিক পাসপোর্ট অফিস, ..........................।
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৭। ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস/ডিস্ট্রিক একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ..................................................।
৮। উপপরিচালক (ক্রয় ব্যবস্থাপনা)/(পাসপোর্ট)/(ভিসা ও ইমিগ্রেশন)/(বাজেট ও নিরীক্ষা)/(ডাটা এন্ড পার্সোনালাইজেশন সেন্টার)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(প্রশিক্ষণ ও কর্মসম্পাদন)/(সিআই), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৯। উপপরিচালক, ভিসা সেল, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১০। সহকারী পরিচালক (ক্রয় ব্যবস্থাপনা)/(পাসপোর্ট)/(ভিসা ও ইমিগ্রেশন)/(ডাটা ও পার্সোনালাইজেশন সেন্টার)/(প্রশিক্ষণ ও কর্মসম্পাদন)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(সিআই)/(হিসাব ও অর্থ), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১১। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১২। মহাপরিচালক পরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ)/(পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪। জনাব আনোয়ারা হক, পিতা-আব্দুল হক, মাতা- জুলেখা হক, স্থায়ী ঠিকানাঃ গ্রাম- নতুন বাবু পাড়া (সিংঙ্গীপুকুর), ডাকঘর- সৈয়দপুর, থানা/উপজেলা- সৈয়দপুর, জেলা-নীলফামারী।
১৫। সংশ্লিষ্ট নথি।

২৭/০২/২০২৪

(মোঃ সালেহ উদ্দিন)
সহকারী পরিচালক (প্রশাসন)
মহাপরিচালকের পক্ষে
ফোনঃ ০২-৮১৮১০৭২
adadmin@passport.gov.bd